

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-১৭০-আইন/২০১৮/৭৯৩-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) 24.02 ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) 2402.20.00 এর আওতাধীন উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing Tobacco) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক আদায়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (২) এ উল্লিখিত খুচরা মূল্যস্তর এবং কলাম (৩) এ উল্লিখিত শলাকা সংখ্যার বিপরীতে কলাম (৪), (৫) এবং (৬) এ উল্লিখিত এন্ড্রিসমূহ যথাক্রমে, সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি, ডিজাইন এবং স্ট্যাম্প বা ব্যান্ডরোল আমদানিকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) বিধিমালা, ২০১১ এ বর্ণিত পদ্ধতিতে ব্যবহার করিবার নির্দেশ প্রদান করিল, যথাঃ-

“টেবিল

ক্রমিক নং	খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	৩২ (বত্রিশ) টাকা ও তদুর্ধ্ব	১০	শেল এন্ড প্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
২।	৪৮ (আটচল্লিশ) টাকা ও তদুর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
৩।	৭৫ (পঁচাত্তর) টাকা ও তদুর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১২১-আইন/২০১৫/৭২৭-মুসক; তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ এতদ্বারা রহিত করা হইল।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, রহিতকৃত প্রজ্ঞাপনের অধীন উল্লিখিত স্ট্যাম্প ও ব্যাল্ডরোল ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ রেজাউল হাসান )  
সদস্য (মুসক নীতি)